# রেলের গ্রুপ ডি পরীক্ষা প্রস্তুতি

পরীক্ষা প্রস্তুতি

ভারতীয় রেলের কলকাতা, গুয়াহাটি, পাটনা ও রাঁচি সহ বিভিন্ন কারখানা/ইউনিটে ৬২,৯০৭ জন গ্রুপ ডি কর্মী নিয়োগ করা হবে। যাঁরা আবেদন করেছেন, সবার প্রস্তুতির সুবিধার জন্য এই ধারাবাহিক প্র্যাক্টিস সেট।

কম্পিউটার ভিত্তিক পরীক্ষা, শারীরিক সক্ষমতার পরীক্ষা ও কাগজপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। কম্পিউটার ভিত্তিক পরীক্ষায় ১০০টি প্রশ্ন থাকবে ম্যাথমেটিক্স, জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, জেনারেল সায়েন্স, জেনারেল অ্যাওয়্যারনেস (কারেন্ট অ্যাফেয়ার্স- সায়েন্স অ্যান্ড টেকনোলজি, স্পোর্টস, কালচার, পার্সোন্যালিটি, ইকোনমিক্স, পলিটিক্স এবং অন্যান্য যে-কোনো জরুরি বিষয়)— এসবের ওপর। সময় ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং থাকবে, প্রতি ৩টি ভুলের জন্য ১ নম্বর করে কাটা যাবে। **কম্পিউটার ভিত্তিক পরীক্ষা বিভিন্ন ব্যাচে ভাগ করে শুরুর সম্ভাব্য সময় ১৭ সেপ্টেম্বর ২০১৮ তারিখ।**

**1. ২০১৮ সালের ৫৭তম দলিপ ট্রফি কোন দল জেতে?**

(a) ইন্ডিয়া রেড (b) ইন্ডিয়া ব্লু
(c) ইন্ডিয়া গ্রিন (d) ইন্ডিয়া অরেঞ্জ

**2. মাসের পঞ্চম দিন যদি শুক্রবার হয় তবে মাসের ১৯ তারিখের পরের পরের দিন কী বার হবে?**

(a) রবিবার (b) সোমবার
(c) শুক্রবার (d) শনিবার

**3. বহু দূরের দুটি জাহাজের মধ্যে দূরত্ব মাপতে কোন একক ব্যবহৃত হয়?**

(a) নটিক্যাল মাইল (b) মেট্রোনাম
(c) সিসমোগ্রাফ (d) লুমেন

**4. পৃথিবীর কাল্পনিক কেন্দ্রে কোনো বস্তুর ওজন কত?**

(a) শূন্য (b) এক
(c) দুই (d) তিন

**5. সম্প্রতি কোন ভারতীয় মহিলা লেখক 'দ্য রুল ব্রেকার্স' (The Rule Breakers) উপন্যাসটি লেখেন?**

(a) অনিতা দেশাই (b) প্রীতি শেনয়
(c) ঝুম্পা লাহিড়ি (d) অনুজা চৌহান

**6. কোন ভারতীয় খেলোয়াড়কে আনুষ্ঠানিকভাবে অসমের স্পোর্টস অ্যাম্বাসাডর হিসেবে নিযুক্ত করা হয়েছে?**

(a) নীরজ চোপড়া (b) হিমা দাস
(c) ফোয়াদ মির্জা (d) কোনোটি সঠিক নয়

**7. বার্ষিক 8% হার সুদে কত টাকার 2 বছরের চক্রবৃদ্ধি সুদ 2496 টাকা হবে?**

(a) 14000.00 টাকা (b) 12000.00 টাকা
(c) 13000.00 টাকা (d) 15000.00 টাকা

**8. স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির ফলে শিশুমৃত্যুর হার প্রতিবছর তার পূর্ববর্তী বছরের তুলনায় 5% হ্রাস পেয়েছে। এরূপ একটি গ্রামীণ এলাকাধীন অঞ্চলে বর্তমান বছরে যদি 361টি শিশু মৃত্যুর ঘটনা ঘটে তবে 2 বছর পূর্বে ওই এলাকায় কটি শিশু মারা গিয়েছিল?**

(a) 400 টি (b) 800 টি
(c) 500 টি (d) 300 টি

**9. ২০১৮ সালে ৩৯তম 'সরলা পুরস্কার' কে পান?**

(a) বনজ দেবী (b) উমেশ চন্দ্র কর
(c) শত্রুঘ্ন পাণ্ডব (d) কোনোটি সঠিক নয়

**10. কাপড় কাচা সোডা ও খাবার সোডা তৈরিতে কোন গ্যাস ব্যবহৃত হয়?**

(a) কার্বন-ডাই-অক্সাইড (b) সোডিয়াম বাই কার্বনেট
(c) মিথেন (d) নাইট্রাস অক্সাইড

**11. গোবিন্দন লক্ষ্মণন কোন খেলার সঙ্গে যুক্ত?**

(a) স্প্রিন্ট (b) বাস্কেটবল
(c) হকি (d) ব্যাডমিন্টন

**12. প্রথম কোন বলিউডি ছবি সম্প্রতি সৌদি আরবে মুক্তি পায়?**

(a) রাজি (b) পরমাণু
(c) গোল্ড (d) কোনোটি সঠিক নয়

**13. পারদের প্রধান আকরিকের নাম কী?**

(a) বক্সাইট (b) ক্রোমোইট
(c) অ্যানথ্রাসাইট (d) সিনবার (HgS)

**14. শব্দদূষণের ফলে মানুষের কানের কোন অঙ্গটি ক্ষতিগ্রস্ত হয়?**

(a) ম্যালিয়াস (b) অর্গান অব কর্টি
(c) সেপিস (d) সেমি সার্কুলার ক্যানাল

**15. কোনো রাজ্যের বর্তমান লোকসংখ্যা 80000000 জন। প্রতিবছর ওই বছরের শুরুতে যে লোকসংখ্যা থাকে বছরের শেষে তার 2% বৃদ্ধি পায়। তবে 3 বছর পরে ওই রাজ্যের লোকসংখ্যা কত হবে?**

(a) 84896650 জন (b) 84896640 জন
(c) 84896540 জন (d) 94896640 জন

**16. অনামিকা পূজার থেকে বড়। পূজা রণজয়ের থেকে ছোটো। রিমি, পূজা এবং রণজয়ের থেকে বড় কিন্তু অনামিকার থেকে ছোট। সৌজন্যা, অনামিকার থেকে বড় কিন্তু আবীরের থেকে ছোট। এদের মধ্যে সবচেয়ে বড় কে?**

(a) অনামিকা (b) সৌজন্যা
(c) পূজা (d) আবীর

**17. কবে 'ইন্টারন্যাশনাল ডে অব চ্যারিটি' পালন করা হয়?**

(a) ৩ সেপ্টেম্বর (b) ৫ সেপ্টেম্বর
(c) ৪ সেপ্টেম্বর (d) ৬ সেপ্টেম্বর

**18. ২০১৭-১৮ অর্থবর্ষে ১০০ দিনের কাজে প্রথম স্থান পেল কোন রাজ্য?**

(a) পশ্চিমবঙ্গ (b) আসাম
(c) ত্রিপুরা (d) মধ্যপ্রদেশ

**19. নিম্নলিখিত কোন রাজ্য প্রথম জৈব জ্বালানি জাতীয় নীতি বাস্তবায়ন করে?**

(a) কেরালা (b) ঝাড়খণ্ড
(c) রাজস্থান (d) পাঞ্জাব

**20. ২০১৮ ইউনাইটেড নেশনস ই-গভর্নমেন্ট ডেভেলপমেন্ট ইনডেক্স (EGDI)-এ ভারতের স্থান কত?**

(a) ১০০ (b) ৮৮
(c) ৭৫ (d) ৯৬

**21. তৃতীয় শ্রেণির লিভারের উদাহরণ হল......**

(a) কাঁচি (b) টিউবওয়েলের হাতল
(c) ছিপি খোলার চাবি (d) চিমটা

**22. নিচের কোনটি অর্ধভেদ্য পর্দা?**

(a) মাছের পটকা (b) ডিমের খোলার নিচের পাতলা পর্দা
(c) পার্চমেন্ট কাগজ (d) সবকটি

**23. পেপসিন হল একপ্রকার .......**

(a) হরমোন (b) ভিটামিন
(c) উৎসেচক (d) পরিপোষক

**24. ২০১৮ পুরুষ হকি চ্যাম্পিয়ন ট্রফি কোন দেশ জেতে?**

(a) বেলজিয়াম (b) আর্জেন্টিনা
(c) অস্ট্রেলিয়া (d) ভারত

**25. ২০১৮ ফর্মুলা ওয়ান হাঙ্গেরিয়ান গ্রঁ প্রি টুর্নামেন্ট কে জেতেন?**

(a) ল্যুইস হ্যামিলটন (b) সেবাস্টিয়ান ভেটেল
(c) ড্যানিয়েল রিকার্ডো (d) কোনোটি সঠিক নয়

**26. কোন ভারতীয় মাস্টার শেফ অস্ট্রেলিয়া ২০১৮-র শিরোপা পান?**

(a) Sashi Cheliah (b) Aarti Sequeira
(c) Floyd Cardoz (d) Vikas Khanna

**27. পরিবেশের বায়োটিক কম্পোনেন্ট হল...............**

(a) উদ্ভিদ ও প্রাণী (b) জল ও বায়ু
(c) আলো ও তাপমাত্রা (d) ওজন ও আর্গন

**28. রমলা মেলায় গিয়ে দাঁড়িয়ে থাকা একটি বাচ্চাকে দেখিয়ে বললেন, "ও আমার ছেলের বাবার মেয়ের একমাত্র ভাইয়ের মেয়ে।" বাচ্চাটি সম্পর্কে রমলার কে হয়?**

RICE EDUCATION

(a) বোন (b) নাতনি

(c) নাতি (d) কোনোটি সঠিক নয়

**29. আইসোটোপগুলি ভিন্ন করা হয় কিসের সাহায্যে?**

(a) স্ফটিকীকরণ (b) ঊর্ধ্বপাতন

(c) পাতন (d) কোনোটি সঠিক নয়

**30. পাতায় নিবেশিত পত্ররন্ধ্র না থাকলে বাষ্পমোচনের হার কীরকম হয়?**

(a) কমে যায় (b) বেড়ে যায়

(c) একই থাকে (d) বন্ধ থাকে

## ANSWERS

1. (b) 2. (a) 3. (a) 4. (a) 5. (b) 6. (b) 7. (d) **সমাধান:** মনে করুন, প্রাথমিক মূলধন = x টাকা

8% হারে 1 বছরে x টাকায় মোট মূলধন হয় = $\frac{108x}{100}$ টাকা = $\frac{27x}{25}$

∴ দ্বিতীয় বছরে জন্য প্রাথমিক মূলধন = $\frac{27x}{25}$ টাকা

8% হারে দুই বছর পরে মোট মূলধন হয় = $\frac{27x}{25} \times \frac{108}{100}$ টাকা

= $\frac{27x \times 27}{25 \times 25}$ টাকা = $\frac{729x}{625}$ টাকা

প্রশ্নানুযায়ী, $\frac{729x}{625} - x = 2496$

$\Rightarrow x\left(\frac{729}{625} - 1\right) = 2496$

$\Rightarrow x.\ \frac{104}{625} = 2496 \Rightarrow x = \frac{2496 \times 625}{104}$

$\Rightarrow x = 24 \times 625 \Rightarrow x = 15000$

∴ প্রাথমিক মূলধন = 15000.00 টাকা।

8.(a) **সমাধান:** পূর্বের বছরের তুলনায় এ বছর শিশুমৃত্যুর হার 5% হ্রাস পেয়েছে। বর্তমানে শিশুমৃত্যুর হার 361।

মনে করুন, 2 বছর আগে শিশুমৃত্যুর সংখ্যা ছিল = x

∴ বর্তমানে শিশুমৃত্যুর সংখ্যা = $x \times \frac{95}{100} \times \frac{95}{100} = \frac{9025x}{10000}$

প্রশ্নানুসারে, $\frac{9025x}{10000} = 361$

∴ $x = \frac{361 \times 10000}{9025} = 400$ জন

9. (c) 10. (a) 11. (a) 12. (c) 13. (d) 14. (b) 15. (b) **সমাধান:** নির্ণেয় লোকসংখ্যা = $80000000 \times \left(1 + \frac{2}{100}\right)^3$

$= 80000000 \times \left(\frac{51}{50}\right)^3$

$= 80000000 \times \frac{132651}{125000}$

= 84896640

∴ 3 বছর পর ওই রাজ্যের লোকসংখ্যা হবে 84896640।

16. (d) ব্যাখ্যা: অনামিকা, পূজা, রিমি, রণজয় সকলের থেকে বড় তবে সৌজন্যার থেকে ছোট। আবার আবীর সৌজন্যার থেকেও বড়। সুতরাং এঁদের মধ্যে সবচেয়ে বড় আবীর। 17. (b) 18. (a) 19. (c) 20. (d) 21. (d) 22. (d) 23. (c) 24. (c) 25. (a) 26. (a) 27. (a) 28. (b) ব্যাখ্যা: রমলার ছেলের বাবা মানে রমলার স্বামী। তাঁর মেয়ে মানে রমলার মেয়ে। তাঁর একমাত্র ভাই মান রমলার একমাত্র ছেলে। তাঁর মেয়ে মানে রমলার ছেলের মেয়ে অর্থাৎ রমলার নাতনি। 29. (c) 30. (a)

RICE EDUCATION